রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**কল্যাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং-২৮৫-আইন/২০১৫।**—বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ (২০০৪ সনের ১নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ১৩ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "সংস্থাপন" শব্দটির পরিবর্তে "জনপ্রশাসন" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) বিধি ১৮ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) **সরকারি দায়িত্ব পালনের কারণে কোন কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান।**—কোন কর্মচারী অথবা অবসরপ্রাপ্ত কর্মচারী অবসর গ্রহণের পূর্বে সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হইয়া পড়িলে, আইনগত ও আর্থিক সহায়তা লাভের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সচিবের মাধ্যমে এবং উক্ত কর্মচারী কোন মন্ত্রণালয় বা বিভাগের সচিব হওয়ার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবের মাধ্যমে আবেদন করিলে, আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে কর্মচারী কল্যাণ তহবিল হইতে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করা যাইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড, কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০